



## ইরানি সর্বোচ্চ নেতা খামেনি কিছুক্ষণের মধ্যে ভাষণ দেবেন



ইরানি সর্বোচ্চ নেতা খামেনি। ছবি: সংগৃহীত

অল্প সময়ের মধ্যেই জাতির উদ্দেশে ভাষণ দেওয়ার কথা রয়েছে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি-এর। ইরানি টেলিভিশন আল-আলম শনিবার (২৮ ফেব্রুয়ারি) বাংলাদেশ সময় রাত ৯টার দিকে এ তথ্য জানায়।

তবে এই ঘোষণার মাঝেই ইসরায়েলের সংবাদমাধ্যম চ্যানেল-১২ দাবি করে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় খামেনি নিহত হয়েছেন। এ নিয়ে বিভ্রান্তি তৈরি হয়েছে।

দিনের শুরুতে ইরানে আকস্মিক সামরিক হামলা চালায় যুক্তরাষ্ট্র-ইসরায়েল জোট। সে সময় খামেনির প্রাসাদ লক্ষ্য করে হামলা করা হয়। হামলার সময় তিনি ভেতরে ছিলেন কি না, তা নিশ্চিত হওয়া যায়নি। তবে প্রাসাদটি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে বলে জানা গেছে।

এদিকে মার্কিন সংবাদপত্র The New York Times প্রকাশিত স্যাটেলাইট ছবিতে দেখা যায়, প্রাসাদ ভবনটি ধসে পড়েছে এবং আশপাশের এলাকা কালো দাগে ঢেকে গেছে। এতে বড় ধরনের বিস্ফোরণের ইঙ্গিত মিলছে।

সূত্র: রয়টার্স